# হালিশরের ডানলপ ঘাটে গঙ্গার জন্য অবস্থান

**April 19, 2019**

(Source: https://thegreenwalk.com/2019/04/19/ )




Date: April 19, 2019Author: The Green Walk

দ্য গ্রিন ওয়াক ব্যুরো : অবিরল ও নির্মল গঙ্গার দাবিতে উত্তর ২৪ পরগনার হালিশহরে বিজ্ঞান দরবার ও বীজপুর ডাঃ বি. আর. আম্বেদকর গ্রিন পিস অর্গানাইজেশনের উদ্যোগে ১৯শে এপ্রিল শুক্রবার সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত গণ অবস্থান করল দক্ষিণবঙ্গের বিজ্ঞান ও পরিবেশকর্মীরা | হরিদ্বারের মাতৃসদন আশ্রমে সন্ন্যাসীরা দীর্ঘদিন ধরে গঙ্গার জন্য অনশন চালিয়ে যাচ্ছেন | ইতিমধ্যেই চারজন সন্ন্যাসী অনশনে আত্মাহুতি দিয়েছেন | বর্তমানে প্রায় ১৮০ দিন ধরে অনশন করে চলেছেন তরুণ সন্ন্যাসী ব্রহ্মচারী আত্মবোধানন্দ| সন্ন্যাসীদের অবিরল ও নির্মল গঙ্গা আন্দোলনকে সমর্থন জানিয়ে রাজ্যে ইতিমধ্যেই অর্ধেক ডজন প্রতীকী অনশন ও গণঅবস্থান হয়ে গেছে | আজকের গণ অবস্থান তারই অনুসারী |

অবস্থানে যোগদান করে রাজ্যের অনেকগুলি বিজ্ঞান ও পরিবেশবান্ধব সংগঠনের সদস্যরা এবং বিশিষ্ট শিক্ষক, অধ্যাপক, বিজ্ঞানী ও পরিবেশবিদরা | অবস্থানের অন্যতম আয়োজক ও দীর্ঘদিনের বিজ্ঞানকর্মী জয়দেব দে বলেন,



বিশিষ্ট বিজ্ঞানকর্মী জয়দেব দে



বিশিষ্ট পরিবেশকর্মী তাপস বিশ্বাস

*“এই মুহূর্তে গঙ্গাকে বাঁচাতে, গঙ্গাকে নির্মল করতে সবচেয়ে আগে যা দরকার তা হল গঙ্গাকে অবিরল ভাবে বইতে দেওয়া | গঙ্গাকে অবিরল করার দাবি নিয়ে ব্রহ্মচারী আত্মবোধানন্দের আন্দোলনকে আমরা নিজেদের আন্দোলন বলেই মনে করছি , আজকের গণ অবস্থানের মধ্যে দিয়ে তারই বার্তা দিতে চাইছি আমরা | আজই শেষ নয়, অবিরল ও নির্মল গঙ্গা আন্দোলন নিরবিচ্ছন্নভাবে আমরা চালিয়ে যাব |”*

ব্যারাকপুরের পরিবেশবান্ধব মঞ্চের অন্যতম সংগঠক তাপস বিশ্বাস জানান,

*“মানুষ একা বেঁচে থাকতে পারবে না, তাকে বেঁচে থাকতে গেলে সমস্ত বাস্তুতন্ত্রকে অক্ষুণ্ণ রাখতেই হবে | বাস্তুতন্ত্রের সংবহনতন্ত্রই হল নদী-তন্ত্র ; নদী না থাকলে সমগ্র বাস্তুতন্ত্রটাই ভেঙে যাবে | সচেতন মানুষ বিষয়টির গুরুত্ব বুঝতে পারছে | তাই এই মুহূর্তে দেশ জুড়ে অবিরল গঙ্গা ও নির্মল গঙ্গা আন্দোলন প্রতিদিন প্রবল হচ্ছে | গঙ্গার এই আন্দোলনকে কেন্দ্র করে ‘নদী বাঁচাও জীবন বাঁচাও আন্দোলন’ শক্তিশালী হবে অচিরেই | আমরা আন্দোলনের ধারাটিকে বয়ে নিতে চাই ভবিষ্যৎ প্রজন্মের জন্য |”*

দীর্ঘদিন ধরে কেন্দ্র ও রাজ্যসরকারগুলি গঙ্গাকে নির্মল করার চেষ্টা চালিয়ে যাচ্ছেন, তার জন্য কোটি কোটি টাকা খরচ হয়ে গেছে কিন্তু গঙ্গার নির্মলতার একফোঁটাও উন্নতি হয়নি | পরিবেশবিদরা বলছেন নির্মলতার উন্নতি হয়নি মানে পথটি ঠিক নয়, আসল পথ হল গঙ্গাকে অবিরল করা, অবিরল করতে গেলে গঙ্গার উপর বাঁধ ও খাল কেটে জল টেনে নেওয়াতে নিয়ন্ত্রণ আনতে হবে, অবৈধ খনন বন্ধ করতে হবে | পরিবেশকর্মীদের দাবি তারা আন্দোলন চালিয়ে যাবেন যতদিন না গঙ্গা অবিরল হবে, একই ধ্বনি হরিদ্বারের মাতৃসদন আশ্রম থেকে নীরবে প্রতিধ্বনিত হচ্ছে – ব্রহ্মচারী আত্মবোধানন্দের আত্মাহুতির পর আরো আত্মবোধানন্দরা তৈরি হয়ে আছেন আত্মহুতির জন্য |


নদী বাঁচাও
জীবন বাঁচাও
জীবন বাঁচানোর তাগিদে
নদী বাঁচাও
অবিরল ও
নির্মল গঙ্গা